

বাবা চির নিদ্রায়

আব্দুল আলীম

কাল মেঘে ছেয়ে গেল হৃদয় আকাশ,
অঝর ধারায় লোনা বৃষ্টি শুরু হল হঠাৎ ।

ভিজেনা শরীর, শুধু শিক্ত হচ্ছে প্রাণ,
সেদিনের বিচ্ছেদ স্মৃতি আজও অম্লান ।

আটটি পাখির হৃদয়ে হচ্ছে রক্ত স্ফরণ,
আরও কে কত তোমায় বাবা করেছিল স্বরণ ।

নীড় হারা পাখিটির মত খুঁজে ফিরি বাসা,
কোলে নিয়ে মেঝে আপা দিলেন বাঁচার ভরসা ।

অবুঝ শিশুটি তাকায় শুধু গামছা গলায়,
তার স্ব- করুণ চাহনি মোরে আজও কাঁদায় ।

জানা নেই দুধের নিস্পাপ শিশুটি কোথায়?
দোলনায় শুয়ে বুঝি অঝরে কাঁদছে হেথায় ।

রবিবারের রৌদ্র ততক্ষণে উঠেছে তেতে,
উষা ধান আটা হচ্ছে পায়ে পায়ে পিশে ।

লাঙল কাঁধে কেন নিব, বই-পুস্তক ফেলে?
শুধালো ডাক্তার বাবু মাষ্টারের যে কয়জন ছেলে ।

খোদা কি কবুল করেনটি ফরিয়াদ, দাদির আঁচল ভিক্ষা?
তবে কে দিবেন আদর-স্নেহ, আর গুরুজনের সুশিক্ষা?

তাল গাছটির পাশে ঠায় দাঁড়িয়ে অসংখ্য তরুণ- তরুণী,
নাম না জানা ঐ ছাত্র- ছাত্রীদের অনেককেই আমি চিনি ।

ভাঙ্গা মনে আজ দিতেছে বিদায় আদর- যত্ন করে,
যাদেরকে বাবা গড়ে তুলেছিলেন অক্ষরে- অক্ষরে ।

বরই পাতা, কুসুম পানি, গায়ে মেখে সাবান,
কারা যেন দিল গোসল তোমায়, করে অতি সম্মান ।

ঐ রকম সাদা পোষাকে বাবা কভু দেখিনি তোমায়,
আতর- গোলাপ মাখায়ে তাহাতে রাখিল জড়ায় ।

রোদের তাপ কমে যাওয়াতে রাখা হল আঙ্গিনায়,
ঘুমের ঘোরে মৃদু হেসে হেসে নিতেছিলে বিদায় ।

ততক্ষণে এই সংবাদ পেয়ে সবাই আসিয়া জুটিল,
বন্ধু- বান্ধক, আত্মীয়- অনাত্মীয় কেঁদে লুটিয়া পড়িল ।

বের হলে বাড়ী থেকে চির বিদায়ের তরে,
পাগলী বলে বার বার কে বা হাঁক ছাড়ে ।

এ যে আমার জনম দুঃখিনী মমতাময়ী মা,
নানী, দাদী সাথে আছেন আরও কয়েকজনা ।

অসংখ্য লোক হয়েছিল বাবা তোমায় জানাযায়,
কারণ, দূর থেকে মোকাবেলার ধ্বনি শোনা যায় ।

সুনাম ধন্য আলেম তোমার বাবা জানাযা পড়ায়,
দোঁআ করে সোঁপেছিলেন আল্লাহর জিম্মায় ।

হঠাৎ কে যেন ঘাড়ে করে নিয়ে যায় আমায়,
বলেন, মুখটি তোমার শুকিয়েছে খোকা পেটের ক্ষুধায় ।

বলেন, এই রাস্তায় তোমার বাবা যাবেন কিছু পরে,
এখন কিছু খেয়ে নাও তবে এই অবসরে ।

রাস্তা দিয়ে যেতে যেতে খেই হারিয়ে যায়,
কোনও দিন যায়নি বুঝি ঐ গোর সাহাবায় ।

খানিক পরে সবার মুখে দোঁআ শুনতে পায়,
দুনিয়ার মায়া ছেড়ে নিলে চির জনমের বিদায় ।

পালাক্রমে সকলে তোমায় করিল দাফন,
সেদিন থেকে তুমি মোদের রইলে না আপন ।

যখন তখন মনে পড়ে চলিতে ফিরিতে,
প্রভুর নিকট ফরিয়াদ রইল তোমার মাগফিরাতে ।